



মানিকগঞ্জে তৌহিদী জনতার স্লোগান একটা একটা বাউল ধর, ধইরা ধইরা জেলে ভর'



সংগৃহীত ছবি

মানিকগঞ্জে ধর্মীয় অনুভূতিতে আঘাতের অভিযোগে বাউলশিল্পী আবুল সরকার আটক হওয়ার পর তার মুক্তি ও শান্তির দাবিকে কেন্দ্র করে এলাকায় উত্তপ্ত পরিস্থিতি সৃষ্টি হয়।

রবিবার (২৩ নভেম্বর) সকালে শহরের বাসস্ট্যান্ড এলাকায় আলেম-ওলামা ও তৌহিদী জনতা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন। একই সময়ে আবুল সরকারের সমর্থকরা মানববন্ধন নিয়ে মাঠে নামলে শহরের বিভিন্ন পয়েন্টে উত্তেজনা বাড়তে থাকে।

বিক্ষোভকারীদের সমাবেশ থেকে 'একটা একটা বাউল ধরে জেলে ভর'—এমন স্লোগান ওঠার পর পরিস্থিতি আরও তীব্র হয়। পরে সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠসংলগ্ন এলাকায় দুই পক্ষের মধ্যে মুখোমুখি সংঘর্ষ বাধে।

ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, সংঘর্ষের সময় বাউলসম্রাটের অনুসারীরা পানিতে আশ্রয় নিলেও তৌহিদী জনতা সেখানেও হামলা চালায়। এতে অন্তত তিনজন আবুল সরকারের ভক্ত আহত হন। আহতরা হলেন—শিবালয়ের সাঁকরাইল গ্রামের আব্দুল আলিম, হরিরামপুরের বিটকা এলাকার জহুরুল এবং সিংগাইরের তালেবপুরের আরিফুল ইসলাম।